দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 11 MAR 1989
পৃষ্ঠা 5 কলাম 7

27

# সাগরদী শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট

বরিশালস্থ সাগরদী পিটিআই একটি ঐতিহ্যবাহী প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ কেন্দ্র। ১৯৮২ সনের দিকে এই প্রতিষ্ঠানের সুপারিনটেনডেন্ট সাবেক প্রধান শিক্ষিকা, বরিশাল সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, এই প্রতিষ্ঠানের (বালিকা বিদ্যালয়ের) কতিপয় আর্থিক অনিয়মের কারণে দোষী সাব্যস্ত হয়ে আদালতে দণ্ডিত হন। এর পর থেকে তিনি ডিপার্টমেন্ট কর্তৃক সাসপেন্ডেড হয়ে এই দীর্ঘদিন ঝুলন্ত অবস্থায় আছেন। এদিকে দীর্ঘ ৭/৮ বৎসর যাবত অফিস প্রধান না থাকায় শিক্ষা প্রতিষ্ঠানের অবস্থা অতি শোচনীয় হয়ে দাঁড়িয়েছে। আমরা অভিভাবক/অভিভাবিকাগণ ছেলেমেয়েদের লেখাপড়া নিয়ে তাই খুবই চিন্তান্বিত। জনশিক্ষার স্বার্থে বিষয়টির আশু একটা সমাধান করার জন্য শিক্ষা মন্ত্রণালয়সহ বিভাগীয় উর্ধ্বতন কর্তৃপক্ষের কৃপাদৃষ্টি আকর্ষণ করছি।

—মরিয়ম বেগম
আলেকান্দা, বরিশাল।